

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১১

সংখ্যা : শিম/শাঃ১১/৩-৭/২০১১/১৬৭


তারিখ : ২৭ চৈত্র ১৪১৭  
১০ এপ্রিল ২০১১

পরিপত্র

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কোন কোন শিক্ষক শ্রেণী কক্ষে এবং পরীক্ষার হলে মোবাইল ফোন ব্যবহার করছেন মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। শ্রেণী কক্ষে ও পরীক্ষার হলে মোবাইল ফোন ব্যবহার করার ফলে পাঠদান ও পরীক্ষার কার্যক্রম বিঘ্নিত হচ্ছে এবং শিক্ষার্থীদের মনোযোগের ব্যাঘাত ঘটছে।

এমতাবস্থায়, শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশ দেয়া যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানকালে ও পরীক্ষার হলে মোবাইল ফোন ব্যবহার করা যাবে না। শিক্ষক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্টগণ যাতে এ আদেশ যথাযথভাবে পালন করেন সেজন্য স্ব স্ব প্রতিষ্ঠান কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
(নুরেরা জামান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৫০৩৪১

বিতরণ :

- ১-২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৩-১২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) -----।
- ১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় [পরিপত্রটি ব্যাপক প্রচারের জন্য]।
- ১৪-২১। উপপরিচালক (সকল) -----।
- ২২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২৩। জেলা শিক্ষা অফিসার (সকল) -----।